গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৮
www.lawjusticediv.gov.bd

১০.০০.০০০০.০০০.১৩২.২৫.০০১০.২৫-৩৪

তারিখ ০৫ মাঘ ১৪৩২ / ১৯ জানুয়ারি ২০২৬

বিষয়: 'গণভোট ২০২৬' বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান।

সূত্র: প্রধান উপদেষ্টার কার্যালয়ের ০৭ জানুয়ারি ২০২৬ তারিখের ০৩.০০.০০০০.০০০.০৩৯.১৬.০০০৩.২৫-১০২ নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (উপদেষ্টা পদমর্যাদা) এবং 'গণভোট ২০২৬' বিষয়ে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রমের মুখ্য সমন্বয়ক অধ্যাপক আলী রীয়াজ মহোদয়-এর সভাপতিত্বে বিগত ০৪ জানুয়ারি ২০২৬ তারিখ আসন্ন গণভোট উপলক্ষ্যে জনসচেতনতা সৃষ্টির বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে আইন ও বিচার বিভাগের অধীন আপনার স্ব-স্ব দপ্তর/অধিদপ্তর/সংস্থার সকল কর্মকর্তা এবং কর্মচারীদের জন্য গণভোট বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: প্রধান উপদেষ্টার কার্যালয়ের পত্র ও সংশ্লিষ্ট কাগজাদি।

১৯/০১/২০২৬
(সাইয়েদ মোঃ শাফায়াত)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৫২২২(অ:)

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা।
২। নির্বাহী পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
৪। সচিব, বাংলাদেশ বার কাউন্সিল, ঢাকা।
৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
৭। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮। প্রশাসনিক কর্মকর্তা, অ্যাটর্নি জেনারেল অফিস, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা।
৯। প্রশাসনিক কর্মকর্তা, সরকারি অছি ও সরকারি রিসিভার অফিস, ৭৫, নয়া পল্টন, ঢাকা।

জ্ঞাতার্থে:
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধান উপদেষ্টার কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ০৩.০০.০০০০.০০০.০৩৯.১৬.০০০৩.২৫-১০২

তারিখ ২৩ পৌষ, ১৪৩২ / ০৭ জানুয়ারি, ২০২৬

বিষয়ঃ 'গণভোট ২০২৬' বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (উপদেষ্টা পদমর্যাদা) এবং গণভোট সংক্রান্ত জনসচেতনতামূলক প্রচার কার্যক্রমের মুখ্য সমন্বয়ক অধ্যাপক আলী রীয়াজ মহোদয়-এর সভাপতিত্বে গত ০৪ জানুয়ারি ২০২৬ তারিখ অনুষ্ঠিত আসন্ন গণভোট উপলক্ষ্যে জনসচেতনতা সৃষ্টির বিষয়ে অনুষ্ঠিত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৭.০১.২৬

মোঃ সারওয়ার মোর্শেদ
উপসচিব
প্রধান উপদেষ্টার কার্যালয়ে সংযুক্ত
ফোন- ৫৫০২৯৫৩০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব (সকল)
৪। বিভাগীয় কমিশনার (সকল)
৫। জেলা প্রশাসক (সকল)

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক (প্রশাসন), প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর (ঐকমত্য) একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।

আইন ও বিচার বিভাগ
সচিবের দপ্তর

# গণভোট ২০২৬
# সংসদ নির্বাচন
# দেশের চাবি আপনার হাতে

আপনি কি এমন বাংলাদেশ চান, যেখানে—

- তত্ত্বাবধায়ক সরকার, নির্বাচন কমিশন ও সরকারি কর্ম কমিশন (পিএসসি) গঠনে সরকারি দল ও বিরোধী দল একত্রে কাজ করবে।
- সরকারি দল ইচ্ছেমতো সংবিধান সংশোধন করতে পারবে না।
- সংবিধানের গুরুত্বপূর্ণ পরিবর্তনের ক্ষেত্রে গণভোটের বিধান চালু হবে।
- বিরোধী দল থেকে ডেপুটি স্পিকার এবং গুরুত্বপূর্ণ সংসদীয় কমিটিসমূহের সভাপতি নির্বাচিত হবেন।
- যত মেয়াদই হোক, কেউ সর্বোচ্চ ১০ বছরের বেশি প্রধানমন্ত্রী থাকতে পারবেন না।
- সংসদে নারীর প্রতিনিধিত্ব পর্যায়ক্রমে বাড়বে।
- ক্ষমতার ভারসাম্য প্রতিষ্ঠার জন্য পার্লামেন্টে একটি উচ্চকক্ষ গঠিত হবে।
- দেশের বিচারব্যবস্থা স্বাধীনভাবে কাজ করবে।
- আপনার মৌলিক অধিকারের সংখ্যা (যেমন: ইন্টারনেট সেবা কখনও বন্ধ করা যাবে না) বাড়বে।
- দণ্ডপ্রাপ্ত অপরাধীকে রাষ্ট্রপতি ইচ্ছেমতো ক্ষমা করতে পারবেন না।
- রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর ক্ষমতার মধ্যে ভারসাম্য থাকবে।

**আরও বিস্তারিত জানতে ভিজিট করুন:**

www.gonovote.gov.bd এবং www.gonovote.bd

**" হ্যাঁ" ভোট দিলে উপরের সবকিছু পাবেন। "না " ভোট দিলে কিছুই পাবেন না।**

মনে রাখবেন, পরিবর্তনের চাবি এবার আপনারই হাতে।

প্রচারে: গণভোট বিষয়ে জনসচেতনতামূলক প্রচার কার্যক্রম, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।